

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা কমিশন  
কার্যক্রম বিভাগ (আর্থ-সামাজিক উইং)  
শের-ই-বাংলা নগর, ঢাকা।

নং- ২০.০৬.০০০০.৬১২.০০.১৮৫.২২/ ২০৭

তারিখঃ ০২ আষাঢ় ১৪২৯  
১৬ জুন ২০২২

বিষয়: ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন মোট ৮০৯টি প্রকল্প এডিপিতে অন্তর্ভুক্তি প্রসঙ্গে।

সূত্র: ১৭.৫.২০২২ তারিখে অনুষ্ঠিত এনইসি সভার সিদ্ধান্ত (পত্র নং-২০.০০.০০০০.৮০৩.০৬.০১০.১৯.৭২; তারিখ: ০৬/০৬/২০২২)


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি অনুমোদন সংক্রান্ত জাতীয় অর্থনৈতিক পরিষদের ১৭.৫.২০২২ তারিখের সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

২০২২-২৩ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন ৬৩৩টি, বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন ১৫০টি এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ২৬টি অর্থাৎ মোট ৮০৯টি প্রকল্পের তালিকা অন্তর্ভুক্তির প্রস্তাব অনুমোদন করা হলো। এ সকল প্রকল্পের অগ্রাধিকার নির্ধারণপূর্বক অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে। অনুমোদন প্রক্রিয়াকরণকালে ফিজিবিলিটি স্টাডি, মন্ত্রণালয়/বিভাগের এমটিবিএফ সিলিংসহ নিম্নবর্ণিত অনুশাসন যথাযথভাবে অনুসরণ করতে হবে।

"এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে আয় বৈষম্য হ্রাসে উল্লেখযোগ্য অগ্রগতির লক্ষ্যে গৃহীত প্রকল্প/কর্মসূচিকে অগ্রাধিকার প্রদান; সম্ভাব্যতা সমীক্ষা অথবা প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে এমন প্রকল্পকে অগ্রাধিকার প্রদান; মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার এলোকেশন অব বিজনেস এর মধ্যে সীমাবদ্ধ থেকে একই সংস্থার অধীন একই প্রকৃতির একাধিক ক্ষুদ্র প্রকল্প গ্রহণ না করে প্রশাসনিক বিভাগ বা অঞ্চল ভিত্তিক প্রকল্পকে অগ্রাধিকার প্রদান; ভৌত ও নির্মাণধর্মী প্রকল্প গ্রহণে কৃষি জমির ব্যবহার যথাসম্ভব পরিহার করা, আনুভূমিক প্রশস্ততার পরিবর্তে বহুতল মান্টিপারপাস ভবন তৈরি করা এবং জমির ব্যবহার ন্যূনতম পর্যায়ে রাখা; বেসরকারি প্রতিষ্ঠানকে অনুদান প্রদানের মাধ্যমে প্রশিক্ষণধর্মী প্রকল্প গ্রহণ পরিহার করা এবং ব-দ্বীপ পরিকল্পনায় চিহ্নিত প্রকল্পকে অগ্রাধিকার প্রদান/সংক্রান্ত নির্দেশনাবলি অনুসরণ করা"।

০২। এনইসি সভার উক্ত সিদ্ধান্ত এবং অনুশাসন মোতাবেক ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন ৬৩৩টি, বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুবিধার্থে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন ১৫০টি এবং সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন ২৬টি অর্থাৎ মোট ৮০৯টি প্রকল্প ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত প্রকল্পসমূহের বিষয়ে এনইসি সভার উক্ত সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



(কাজী সালেহ মুক্তানজির)

উপপ্রধান

ফোনঃ ৯১৮০৯৩৭

সদস্য (সচিব)

..... বিভাগ (সকল)

বাংলাদেশ পরিকল্পনা কমিশন

শের-ই-বাংলা নগর, ঢাকা।

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)